দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর -১৭০৩।

২০১৯-‘২০ ও ২০২০-‘২১ অর্থ বছরের জন্য
স্থানীয়ভাবে বিবিধ মালামাল সরবরাহের লক্ষ্যে স্থানীয়
সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভূক্তির সিডিউল।

দরপত্র নং এসপিসিবি/স্থানীয় ক্রয় বিক্রয়/স্থানীয় ক্রয়/তালিকাভুক্তি/১৭/২০১৯

মে’২০১৯, গাজীপুর

Telephone : 88-02-9205110-15, 9205116
Fax : 88-02-9205108, 9205109
E. mail : info@spcbl.org.bd.
Website : www.spcbl.org.bd.

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর-১৭০৩।

Website: www.spcbl.org.bd.

বিবিধ মালামাল সরবরাহের লক্ষ্যে স্থানীয় সরবরাহকারী
প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য বিজ্ঞপ্তি।

২০১৯-'২০ ও ২০২০-'২১ অর্থ বছরের (২ বছর মেয়াদে) জন্য বিভিন্ন মালামাল স্থানীয়ভাবে সরবরাহ পাওয়ার লক্ষ্যে আগ্রহী স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে তালিকাভুক্তির আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরমসহ শর্তাবলী সম্বলিত সিডিউল আগামী ১২/০৫/২০১৯ তারিখ হতে ১১/০৬/২০১৯ তারিখ পর্যন্ত করপোরেশনের গাজীপুরস্থ কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ এবং ঢাকাস্থ করপোরেশনের লিয়াজোঁ অফিস বাংলাদেশ ব্যাংকের সংলগ্নী ভবন-১, ৮ম তলা হতে রবিবার থেকে বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে আবেদন পত্রের বিপরীতে ১০০/-(একশত)টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। অপরদিকে করপোরেশনের ওয়েব সাইট থেকে আবেদনপত্র সিডিউল ডাউনলোড করেও আবেদন করা যাবে; এক্ষেত্রে ঢাকাস্থ লিয়াজোঁ অফিস বা গাজীপুরস্থ করপোরেশনের ক্যাশ কাউন্টারে সিডিউল ক্রয় বাবদ ১০০/-(একশত) টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করতঃ বা ১০০/-টাকার পে-অর্ডার/ডিডি আবেদনপত্র আবেদনপত্র দাখিলের সময় তা সংযুক্ত করে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে নিরাপত্তা জামানত বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) ডি,ডি/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে। নিরাপত্তা জামানত ও অবেদনপত্র সিডিউল ক্রয়ের রশিদ পে-অর্ডার/ডিডি ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, বিদ্যমান তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে পুনরায় তালিকাভুক্তির আবেদন করতে হবে না।

ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ বরাবরে গাজীপুরস্থ অফিসে অথবা ঢাকাস্থ উপরোল্লিখিত লিয়াজোঁ অফিসে সীলমোহরকৃত আবদেনপত্র ১২/০৬/২০১৯ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত সরাসরি নির্ধারিত বাক্সে দাখিল করা যাবে এবং পাশাপাশি ডাকযোগে কিংবা কুরিয়ার মারফতও নির্ধারিত সময়ের মধ্যে গাজীপুরস্থ কার্যালয়ে পৌঁছানো যাবে। তবে নির্ধারিত সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। ১৩/০৬/২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় আবেদনকারীদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) প্রাপ্ত সকল আবেদনপত্র গাজীপুরস্থ কার্যালয়ে খোলা হবে। একটি সিডিউলের বিপরীতে কেবলমাত্র ০১ (এক) টি প্রতিষ্ঠান একটি আবেদনপত্র দাখিল করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(রশিদ আহমেদ)
মহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয় বিক্রয়)

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
''আবেদন পত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল''

বিষয়ঃ বিবিধ মালামাল স্থানীয়ভাবে সরবরাহের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গ।

১) সরবরাহ স্থান:

মালামাল 'দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ' এর গাজীপুরস্থ কার্যালয়ে সরবরাহ দিতে হবে।

২) আবেদন ফরম ও শর্তাবলীঃ

তালিকাভুক্তির আবেদনপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নিরাপত্তা জামানত ও সিডিউল ক্রয়ের রশিদ পে-অর্ডার/ ডিডি ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। আবেদন পত্র যথাযথভাবে পূরণপূর্বক তার সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি জমা দিতে হবেঃ-

ক) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি(হাল নাগাদ)।
খ) আয়কর প্রদানের হাল নাগাদ সনদের সত্যায়িত অনুলিপি।
গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।
ঘ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র (হাল নাগাদ)।
ঙ) অনুচ্ছেদ ৭ এ বর্ণিত অভিজ্ঞতার সনদ।

আবেদন পত্রের সাথে উল্লেখিত কাগজ পত্রাদিসহ তাদের প্যাডে নিম্নোক্ত সম্বোধন করতে হবেঃ

ব্যবস্থাপনা পরিচালক
দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন(বাংলাদেশ) লিমিটেড
গাজীপুর -১৭০৩।

আবেদনপত্রের সাথে চাহিদাকৃত কাগজপত্র সংযোজন করা না হলে অথবা কাগজ পত্রে কোনরূপ গরমিল থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সিডিউলের প্রত্যেক পাতায় প্রতিষ্ঠানের মালিক কর্তৃক সীল ও স্বাক্ষর পুর্বক ''দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ'' এর গাজীপুরস্থ অফিস অথবা বাংলাদেশ ব্যাংকের সংলগ্নী ভবন-১, ৮ম তলা (পশ্চিম ব্লক) ঢাকাস্থ লিয়াজোঁ অফিসে আগামী ১২/০৬/২০১৯ ইং বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত সরাসরি নির্ধারিত বাক্সে দাখিল করা যাবে এবং পাশাপাশি ডাকযোগে কিংবা কুরিয়ার মারফতও নির্ধারিত সময়ের মধ্যে গাজীপুরস্থ কার্যালয়ে পৌঁছানো যাবে। তবে নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহন করা হবে না এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র ঐ অবস্থাতেই ফেরত দেয়া হবে। ১৩/০৬/২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত সকল আবেদনপত্র গাজীপুরস্থ কার্যালয়ে খোলা হবে।

৩) তালিকাভুক্তির মেয়াদ কালঃ

২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরের (২ বছর মেয়াদে) জন্য তালিকাভুক্ত করা হবে।

৪) স্থানীয় সরবরাহকারী তালিকাভুক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নঃ

নির্দিষ্ট মেয়াদের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে যাহাদের অতীত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হবে তাদের নিকট হতে মেয়াদ পূর্তির কমপক্ষে এক মাস পূর্বে নবায়নের আবেদন প্রাপ্তি সাপেক্ষে তালিকাভুক্তির নবায়ন ফি, হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও আয়কর প্রদানের হাল নাগাদ সনদ ইত্যাদি গ্রহণপূর্বক পরবর্তী এক বছরের জন্য করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে তালিকাভুক্তি নবায়ন করা যাবে; একই প্রক্রিয়ায় একইরূপ মেয়াদের জন্য পুনঃপুনঃ নবায়ন করা যাবে। নবায়ন ফি করপোরেশন কর্তৃক নির্ধারণ করা হবে।

চলমান পাতা/০২

৫) আবেদন পত্র বাতিলের ক্ষমতাঃ

করপোরেশনের বৃহত্তর স্বার্থে যে কোন অথবা সকল আবেদন পত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬) নিরাপত্তা জামানতঃ

নিরাপত্তা জামানত হিসেবে টাঃ ৫,০০০.০০ (টাকা পাঁচ হাজার) মাত্রের ডি,ডি/পে-অর্ডার (অফেরতযোগ্য) ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, এর অনুকূলে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

৭) মালামাল সরবরাহে অভিজ্ঞতার সনদঃ

যে কোন প্রতিষ্ঠান হতে বিগত ০৩(তিন) বছর সময়ে কমপক্ষে ৩টি ক্রয়াদেশের বিপরীতে প্রতিটিতে কমপক্ষে ৫০ হাজার টাকার কাজ করার প্রমাণক দাখিল করতে হবে।

৮) তালিকাভুক্তি হতে অব্যাহতি দেয়াঃ

তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে তাদের কাজে অস্বীকৃতি, একাধারে তিনটি দর প্রতিযোগিতা হতে বিরত থাকলে বা অন্য কোন শর্ত বর্হিভুত আচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তালিকাভুক্তি হতে বাদ দেয়া যাবে। অনিয়মের গুরুত্ব অনুসারে তাদের এক বা একাধিক বৎসরের জন্য যাতে পুনঃ তালিকাভুক্ত/তালিকাভুক্তি নবায়ন হতে না পারে সে বিষয়ে নিষেধাজ্ঞা আরোপ করা যাবে।

৯) আবেদনকারীর অঙ্গীকার পত্রঃ

অসৎ, প্রতারনাপূর্ণ, ষড়যন্ত্রমূলক গোপন চুক্তি ও ক্ষতি সাধনের উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষ হুমকি প্রদান ইত্যাদি বিষয়ে জড়িত না থাকার অঙ্গীকার স্বরূপ আবেদনপত্রের সাথে সংযুক্ত ''ক'' ফরমে সকল আবেদনকারীকে সীল ও স্বাক্ষর করতে হবে।

১০) আবেদনপত্র সংক্রান্ত যে কোন বিষয়ে করপোরেশনের সিদ্ধান্তই সকল ক্ষেত্রে চুড়ান্ত বলে গন্য হবে।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল মোহর

চলমান পাতা-০৩

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর-১৭০৩।

ছবি

বিষয়ঃ ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরের জন্য বিবিধ মালামাল স্থানীয়ভাবে সরবরাহের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির আবেদন।

১) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২) টেলিফোন নম্বর :

৩) ফ্যাক্স নম্বর :

৪) ই-মেইল নম্বর :

৫) স্বত্তাধিকারীর নাম (সত্যায়িত পাসপোর্ট আকারের ২ কপি ছবিসহ) :

৬) সত্বাধিকারী ব্যতীত অন্য কোন প্রতিনিধি যদি প্রতিষ্ঠানের পক্ষে আর্থিক লেনদেন করতে চান তবে তার সত্যায়িত নমুনা স্বাক্ষর ও দুই কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি (সত্বাধিকারী কর্তৃক সত্যায়িত) :

৭) ডিডি/পে-অডারের বর্ণনা :

৮) সংযুক্ত কাগজ পত্রের বর্ণনা :

৯) অন্য কোন তথ্য (যদি থাকে) :

আপনার বিশ্বস্ত,

প্রতিষ্ঠানের সীল

চলমান পাতা/০৪

ফরম 'ক'

আমি/আমরা মেসার্স .... এই মর্মে অঙ্গীকার করছি যে, দরপত্র নং .... এ অংশগ্রহণের ক্ষেত্রে কোন প্রকার অসৎ, প্রতারণাপূর্ণ, ষড়যন্ত্রমূলক গোপন চুক্তি ও ক্ষতি সাধনের উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষ হুমকি প্রদান ইত্যাদি বিষয়ে জড়িত নেই বা জড়িত হবো না।

দরদাতার সীল ও স্বাক্ষর